পুলিশ সংস্কার ও রোহিঙ্গা প্রত্যাবাসনে যুক্তরাজ্যের সহায়তা চাইল বাংলাদেশ



ছবি: সংগৃহীত

পুলিশ বাহিনীর আধুনিকায়ন এবং রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে আন্তর্জাতিক চাপ জোরদারে বাংলাদেশ যুক্তরাজ্যের সহযোগিতা কামনা করেছে। অস্ট্রিয়ার ভিয়েনায় আয়োজিত এক সম্মেলনের ফাঁকে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও যুক্তরাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী লর্ড হ্যানসন দ্বিপাক্ষিক বৈঠকে এ আহ্বান জানান।

ভিয়েনা ইন্টারন্যাশনাল সেন্টার-এ অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের নিরাপত্তা ও কৌশলগত সহযোগিতা নিয়ে আলোচনা হয়। মন্ত্রী বাংলাদেশ–যুক্তরাজ্যের ঐতিহাসিক সম্পর্কের কথা তুলে ধরে সন্ত্রাস দমন, প্রতিরক্ষা ও সামুদ্রিক নিরাপত্তায় অংশীদারিত্ব আরও জোরদারের আগ্রহ জানান। লর্ড হ্যানসনও কৌশলগত সহযোগিতা সম্প্রসারণে সম্মতি দেন।

আসন্ন জাতীয় নির্বাচন পরবর্তী স্থিতিশীলতা ও গণতান্ত্রিক সংস্কারে সমর্থনের জন্য যুক্তরাজ্যকে ধন্যবাদ জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী নিরাপত্তা সংস্কার, অভিবাসন ব্যবস্থাপনা ও অপরাধ বিচার খাতে সহযোগিতা বাড়ানোর আহ্বান জানান।

বাংলাদেশ পুলিশের কাঠামোগত সংস্কার ও আধুনিকায়নে ব্রিটিশ অভিজ্ঞতা কাজে লাগাতে কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ সহযোগিতা চান তিনি। মানবাধিকার সুরক্ষা ও জবাবদিহি নিশ্চিত করে জনবান্ধব পুলিশ বাহিনী গঠনে বাংলাদেশ পুলিশকে শক্তিশালী করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

একই সঙ্গে রোহিঙ্গাদের টেকসই প্রত্যাবাসনে আন্তর্জাতিক মহলে সক্রিয় ভূমিকা রাখতে যুক্তরাজ্যের প্রতি আহ্বান জানানো হয়। আঞ্চলিক স্থিতিশীলতা ও মানবিক সহায়তায় সহযোগিতার আশ্বাস দেন লর্ড হ্যানসন।

বৈঠকে দুই দেশের কূটনৈতিক মিশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।